

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৮৯/২০১৬

অভিযোগকারী : মোঃ মতিউর রহমান  
পিতা-মোঃ নূরুল ইসলাম  
১ নং কলমা, পোঃ ডেইরী ফাম  
থানাঃ সাভার, জেলাঃ ঢাকা।

প্রতিপক্ষ : মোঃ লুৎফর রহমান খান  
প্রকল্প পরিচালক (BULL 3<sup>rd</sup> phase)  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
কেন্দ্রীয় গো-প্রজনন, সাভার, ঢাকা।

## সিদ্ধান্তপত্র

(তারিখ : ২০-০৬-২০১৬ ইং)

অভিযোগকারী ১১-০১-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে প্রকল্প পরিচালক (BULL 3<sup>rd</sup> phase) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কেন্দ্রীয় গো-প্রজনন, সাভার, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

ক) চলমান বুল (BULL) বুণো ষাড় প্রকল্পের মেয়াদকাল? বছর ভিত্তিক বরাদ্দের পরিমাণ? ও বরাদ্দকৃত টাকা ব্যয়ের খাতওয়ারী হিসাব। প্রকল্পের অধীনে যে সকল মালামাল ক্রয় করা হয়েছে ক্রয়কৃত মালামালের টাকার পরিমাণ উল্লেখসহ বিবরণ (পৃথক পৃথক)

খ) চলমান বুল প্রকল্প (Construction of Bull shed) অধীনস্থ গত ২০১৫ সনের ১৩ ডিসেম্বর ৬ টি সেড নির্মাণ কাজে সিডিউল বিক্রয়ের পরিমাণ? সেড নির্মাণ কাজে যে সকল ঠিকাদারী প্রতিষ্ঠান অংশ নিয়েছে তাদের স্থায়ী অস্থায়ী ঠিকানা। ও ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ লটে অংশগ্রহণকারীদের দর উল্লেখসহ বিস্তারিত বিবরণ(পৃথক পৃথক) যেমন, ১ম লটে কয়টি প্রতিষ্ঠান অংশ নিয়েছে এবং প্রতিষ্ঠানের নাম, দরের পরিমাণ। পর্যায়ক্রমে ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ লট।

গ) ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ লটের ঠিকাদারী কোন কোন প্রতিষ্ঠানকে মূল্যায়ন কমিটি কাজ দেওয়ার সুপারিশ করেছেন। মূল্যায়ন কমিটির সিদ্ধান্তপত্রের অবিকল ফটোকপি এবং মূল্যায়ন কমিটির পদবীসহ নামের তালিকা ও যোগাযোগের সহজ মাধ্যম।

ঘ) বুল প্রকল্পের ৬টি সেড নির্মাণ কাজের জন্য যে সকল পত্র পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় সে সকল পত্রিকার নাম, প্রকাশের তারিখ ও বিজ্ঞপ্তির ফটোকপি।

ঙ) ১ম, ২য় ও ৩য় সর্বনিম্ন দরদাতা, কারণ বসত কাজ না পেলে নিয়ম অনুযায়ী কর্তৃপক্ষ রী টেন্ডার করে থাকেন। রী টেন্ডার না করে, কোন নীতিমালা অনুযায়ী ৬ষ্ঠ, ৭ম ও ৮ম লোয়েস্ট কার্যাদেশ পান। নীতিমালার অবিকল ফটোকপি। ১ম লোয়েস্টের দর অনুসরণ করে, ৮ম লোয়েস্টকে কার্যাদেশ দিলে মোট ৬টি লটে সরকারের কতো কোটি টাকার লোকসান গুনতে হচ্ছে লিখিত চাই।

চ) যে সকল ঠিকাদারী প্রতিষ্ঠান অংশ নিয়েছেন ওই সকল ঠিকাদারী প্রতিষ্ঠানে দলিলাদী (ডকুমেন্টের) ফটোকপি।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৬-০২-২০১৬ তারিখে মহাপরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), প্রণিসম্পদ অধিদপ্তর, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৭-০৩-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৯-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) হাজির। অধিকতর শুনানীর জন্য ০২-০৬-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

- ৫। শুনানীর ধার্য তারিখে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সময়ের আবেদন করে গরহাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির থাকায় পরবর্তী শুনানীর জন্য ২০-০৬-২০১৬ তারিখ ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়। অদ্য ২০-০৬--২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী গরহাজির কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।
- ৬। অভিযোগকারী গরহাজির থাকায় তার বক্তব্য পাওয়া যায় নি। তবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রার্থীত তথ্য সরবরাহ করায় অভিযোগকারী অত্র অভিযোগটি প্রত্যাহার করার আবেদন করে তথ্য কমিশন বরাবর পত্র প্রেরণ করেছেন।
- ৭। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য প্রাপ্তির আবেদনের পরিপ্রেক্ষিতে স্মারক নং- ৩৩.০১.০০০০.৭১৫.১৩.৫৩.১৫.৫২১ তারিখ: ১৬-৬-২০১৬ মারফত চাহিত তথ্যাদি অভিযোগকারীকে সরবরাহ করা হয়েছে এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন।

### পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। অভিযোগকারীকে তার প্রার্থীত পূর্নাঙ্গ তথ্য সরবরাহ করায়, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী মোঃ লুৎফর রহমান খান, প্রকল্প পরিচালক (BULL 3<sup>rd</sup> phase) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কেন্দ্রীয় গো-প্রজনন, সাভার, ঢাকা কে অব্যাহতি দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার